মেহেরপুরে সাবেক রাষ্ট্রপতি হুসাইন মোহাম্মদ এরশাদের ৫ম মৃত্যু বার্ষিকী পালন

মেহেরপুরে সাবেক রাষ্ট্রপতি মরহুম হুসাইন মোহাম্মদ এরশাদ এর ৫ম মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে স্মরণসভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

জেলা জাতীয় পার্টির আয়োজন আজ রবিবার (১৪ জুলাই) বিকেল ৫ টার দিকে জেলা পরিষদের সম্মেলন কক্ষে এ স্মরণসভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

জেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক মোঃ আব্দুল হাদির সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জাতীয় পার্টির সভাপতি মোঃ আব্দুল হামিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জাতীয় পার্টির সহ-সভাপতি মোঃ কেতাব আলী, মোঃ আব্দুল মান্নান, সদর উপজেলা জাতীয় পার্টির আহ্বায়ক মোঃ কুতুব উদ্দিন, সদস্য সচিব মোঃ নজরুল ইসলাম, গাংনী জাতীয় পার্টির সভাপতি মোঃ বাবলু হোসেন, সাধারণ সম্পাদক জান মোহাম্মদ মিন্টু, জেলা জাতীয় পার্টির যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আক্তারুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মোঃ খিলাফত আলী, সদস্য মোঃ রাকেশ শেখ রাজন প্রমুখ উপস্থিত ছিলেন।

পরে সাবেক রাষ্ট্রপতি মরহুম হুসাইন মোহাম্মদ এরশাদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুরে যুব মহিলা লীগের ২২

তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

বাংলাদেশ যুব মহিলা লীগের ২২ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

জেলা যুব মহিলা লীগ আয়োজনে শনিবার (৬ জুলাই ) দুপুরে জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের বাসভবনের সামনে এ আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনপ্রশাসন মন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি।

জেলা যুব মহিলা লীগ সাধারণ সম্পাদক এডভোকেট রুতশোভা মন্ডলের সভাপতিত্বে এসময় সদর উপজেলা যুব মহিলা লীগ সভাপতি ও সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান লতিফুননেসা লতা, মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগ সভাপতি ও মুজিবনগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান তকলিমা খাতুন, পৌর যুব মহিলা লীগের সভাপতি ও ৭,৮,৯ নং ওয়ার্ডের কাউন্সিলর রোকসানা কামাল রুনুসহ জেলা যুব মহিলা লীগের অন্যান্য সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আওয়ামী লীগের ৭৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

আওয়ামী লীগের ৭৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে মেহেরপুর জেলা আওয়ামী লীগের উদ্যোগে জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলন এবং পুষ্পমাল্য অর্পণ করা হয়েছে।

রোববার (২৩ জুন) সকালে জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের বাসভবন প্রাঙ্গণে বাংলাদেশ আওয়ামী লীগের ৭৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলন এবং পুষ্পমাল্য অর্পণ করা হয়।

জনপ্রশাসন মন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন

জাতীয় সংগীতের সুরে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিনব্যাপী অনুষ্ঠানের সূচনা করেন। এ সময় সেখানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্প মাল্য অর্পন করা হয়।

জনপ্রশাসন মন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন জেলা আওয়ামী লীগের পক্ষে পুষ্পমালা অর্পণ করেন। পরে সেখানে শহর আওয়ামী লীগ এবং কলেজ ছাত্রলীগের পক্ষে পৃথক পৃথকভাবে পুষ্প মাল্য অর্পণ করা হয়।

এ সময় অন্যান্যের মধ্যে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন, আইন বিষয়ক সম্পাদক পিপি পল্লব ভট্টাচার্য, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলাম, মুজিবনগর উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ জামান, শহর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল প্রমূখ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস পালন

“আসুন আমাদের প্রতিশ্রুতি অনুযায়ী কাজ করি: শিশুশ্রম বন্ধ করি” এই প্রতিপাদ্য মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, পালিত হয়েছে বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস।

গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুরের প্রধান শিক্ষক এস এম আব্দুস সালাম, সহকারী প্রধান শিক্ষক ফিরাতুল ইসলাম, মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মুনসী মোকাদ্দেস হোসেন, গুডনেইবারর্স এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ।

বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস পালন অনুষ্ঠানে, বিভিন্ন স্কুলের শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহন করে। অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনায় ছিলেন গুডনেইবারর্স শিশু পরিষদের সভাপতি রোকেয়া খাতুন।

অনুষ্ঠানের আগে মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয় এবং আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুর এর শিক্ষার্থীদের মাঝে “নৈতিক মূল্যবোধের অবক্ষয় পরিবেশের বর্তমান অবস্থার জন্য দায়ী” এই বিষয়ে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিতর্ক প্রতিযোগিতায় স্কুল দুটি থেকে পক্ষে ও বিপক্ষে তিন জন করে শিক্ষর্থী অংশগ্রহন করে।

বিতর্ক প্রতিযোগিতায় পক্ষে অবস্থান কারী মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা বিজয়ী হয়।

মুজিবনগরে নানা আয়োজনে বিশ্ব পরিবেশ দিবস পালন

“করবো ভূমি পুনরুদ্ধার রুখবো মরুময়তা, অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা” এ স্লোগানকে সামনে রেখে র্যালী ও আলোচনা সভার মধ্য দিয়ে মুজিবনগরে বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে আজ বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে এবং গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর সহযোগিতায়, মুজিবনগর উপজেলা চত্বর থেকে মুজিবনগর উপজেলার নবনির্বাচিত চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়।

র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিন শেষে পরিষদ চত্তরে শেষ হয়ে উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে বিশ্ব পরিবেশ দিবসের আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা কৃষক লীগের সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান বি এম জাহিদ হাসান রাজীব, উপজেলা যুব মহিলা লীগের সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান তকলিমা খাতুন, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: মেহেদী হাসান, উপজেলাপ্রাণিসম্পদ কর্মকর্তা ডা: হারিছুল আবিদ,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দিন উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার মাশরুবা আলম, গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর ম্যানেজার সুব্রত টুড।

র্যালি ও আলোচনা সভায় উপজেলা পরিষদের কর্মকর্তা কর্মচারী এনজিও কর্মী এবং সাধারণ জনগণ অংশগ্রহণ করে।

মুজিবনগরে মাসিক স্বাস্থ্যবিধি দিবস পালন

মুজিবনগরে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে,মাসিকের স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা দিবস পালন করা হয়েছে।

দিবসটি উপলক্ষে আজ মঙ্গলবার বিকেলে গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর বল্লভপুর অফিস প্রাঙ্গনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর সিডিপি এর ম্যানেজার সুব্রত টুডুরের সভাপতিত্বে ও গুডনেইবারর্স এর স্বাস্থ্য কর্মকর্তা আহসানুল হকের সঞ্চালনায় মাসিক স্বাস্থ্যবিধি দিবস পালন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: মেহেদী হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর মেডিকেল অফিসার ডা: অগ্নিজ হালদার, ডিএইচভিএফ আয়েশা খাতুন।

মাসিক স্বাস্থ্যবিধি অনুষ্ঠানে মেহেরপুর কমিউনিটি উন্নয়ন প্রকল্পের আওতায় মা,শিশু, অফিস স্টাফ, স্বেচ্ছাসেবকরা

অংশগ্রহণকরেন।

মুজিবনগরে গুডনেইবাসের আমার প্রতিজ্ঞা দিবস পালন

মুজিবনগরে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে, আমার প্রতিজ্ঞা দিবস পালন করা হয়েছে।

রবিবার বিকেলে সেন্ট জেভিয়ার জুনিয়ার হাই স্কুল ক্লাসরুমে বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের নিয়ে এই প্রতিজ্ঞা দিবস পালন করা হয়।

আমার প্রতিজ্ঞা দিবসে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন,বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নং ওয়ার্ড সদস্য মি: বাবুল মল্লিক, সেন্ট জেভিয়ার জুনিয়র হাই স্কুলের প্রধান শিক্ষক সিস্টার মালতী মালো, এসএমসি সভাপতি আব্দুল হাই।

প্রতিজ্ঞা দিবসে প্রজেক্ট ম্যানেজার সুব্রত টুডু ছাত্র ছাত্রীদেরকে শপথ বাক্য পাঠ করান:

৫ টি প্রতিজ্ঞা যা আমি কখনোই করব না:

(১) আমি স্কুলে অনুপস্থিত থাকব না (২) আমি শিশু শ্রমে অংশ নেব না
(৩) আমি বাল্য বিবাহ করব না (৪) আমি কখনো অসৎ কাজ করব না (৫) আমি নিজের ও অন্যের জীবন বিপন্ন করব না ।

৫ টি প্রতিজ্ঞা যা আমি করব:

(১) আমি মন দিয়ে লেখাপড়া করব (২) আমি আমার স্বপ্নকে সফল করব (৩) আমি আমার পরিবার নিয়ে সুখে থাকব (৪) আমি সুস্থ্য ও সুন্দর জীবন

যাপন করব (৫) আমি একজন সু-প্রতিবেশী হব। স্কুলের ছাত্র ছাত্রীরা শপথ বাক্য মেনে চলার প্রতিজ্ঞা করে।অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনায় ছিলেন,মেহেরপুর সিডিপির সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ।

আমার প্রতিজ্ঞা দিবসে সেন্ট জেভিয়ার্স জুনিয়র হাই স্কুলের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

মেহেরপুরে টাইল,পাইপ এন্ড সেনেটারী শ্রমিক ইউনিয়নের শ্রমিক দিবস পালন

১ লা মে মহান শ্রমিক দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে মেহেরপুর সদর উপজেলার টাইল, পাইপ এন্ড সেনেটারীসহ নির্মাণ শ্রমিক ইউনিয়নের উদ্যোগে বর্ণাঢ্য র্যালীর আয়োজন করা হয়।

আজ বুধবার (১ মে) দিবসটি উপলক্ষে শহরের কোট রোড,বকুলতলা থেকে কমিউনিটি সেন্টার পর্যন্ত একটি র্যালী বের করা হয়।

র্যালীটির নেতৃত্ব দেন সদর উপজেলার টাইল, পাইপ এন্ড সেনেটারীসহ নির্মাণ শ্রমিক ইউনিয়নের সভাপতি আব্দুল সালাম।

এসময় সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন (মুন্না), সহ-সভাপতি মহর আলী খান (তুষার), সাংগঠনিক সম্পাদক নাজমুল করিম মুক্তা, কোষাধক্ষ্য মোমিন খান, প্রচার সম্পাদক মামুন শিকদার, সদস্য উজ্জল মিয়াসহ অন্যান্য নেতাকর্মীগণ অন্যান্য নেতাকর্মীগণ অন্যান্য শ্রমিক সদস্যগণ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুর উপজেলা কৃষক লীগের ৫২ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

গৌরব, সাফল্য ও ঐতিহ্যের ৫২ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করেছেন, কোটচাঁদপুর উপজেলা কৃষক লীগ। দিনটি পালনে শুক্রবার সংগঠনের নেতা-কর্মীরা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন ও আলোচনা সভা করেছেন।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, শুক্রবার ছিল বাংলাদেশ কৃষক লীগের ৫২ তম প্রতিষ্ঠা বার্ষিকী। দিনটি পালনে সংগঠনের নেতা-কর্মীরা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন ও আলোচনা সভা করেন।

প্রথমে তারা কোটচাঁদপুর মুক্তি যোদ্ধা কমপ্লেক্সের বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পমাল্য অর্পণ করেন। পরে উপজেলা চত্বরের অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতেও পুষ্পমাল্য অর্পণ করেন নেতা-কর্মীরা।

এ সময় উপস্থিত ছিলেন, বাংলাদেশ কৃষকলীগের কোটচাঁদপুর শাখার সাধারণ সম্পাদক সুশান্ত চক্রবর্ত্তী, উপজেলা কৃষকলীগের সাবেক আহবায়ক মোঃ শাহাজাহান আলী, সহসভাপতি তাফরুজ্জামান তপন,যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুস সাত্তার, সাংগঠনিক সম্পাদক আলীম হোসেন, দেলোয়ার হোসেন, অর্থ সম্পাদক রাজিব হোসেন, স্বাস্থ্য ও পরিবার কল্যান সম্পাদক লিটন হোসেন।

মেহেরপুরে অরণি থিয়েটারের আয়োজন পহেলা বৈশাখ পালন

মেহেরপুরে অরণি চিলড্রেনস থিয়েটারের আয়োজন পহেলা বৈশাখ উদযাপন উপলক্ষে “অরণির বৈশাখ ১৪৩১” অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকালে শিল্পকলা একাডেমি চত্বর থেকে একটি শোভাযাত্রা বের হয়ে সড়ক প্রদক্ষিণ করে আবার অরণি থিয়েটার কার্যালয়ে এসে শেষ হয়।

এসময় হাফিজ শিশিরের সূত্রে অংশ নেয় মাহামুদা রুহি, ফারজানা করিম অর্পিতা, রাহিম সাবের, রাইসুল ইসলাম অনিক, মুস্তাহিদুর রিসাত, অর্ঘ, সাবা সাবের তরি, সাব্বির সোহাগ, আতিক স্বপন, রাজিয়া সুলতানা টনি, রুবেল, মফিজুর রহমান মিঠু, শেখ মমিন, নুসরাত তিথি, মৌপাল, ননী গোপাল সাহা, সাঈদ হোসেন, উজ্জল খান, শাহরিয়ার উজ্জল, নিশান সাবের সহ অরণির বন্ধুরা উপস্থিত ছিলেন।

পরে সেখানে পান্তা খাওয়ানোর ও ছোট্ট সাংস্কৃতিক পর্ব স্মৃতি রোমন্থন করে অরণি চিলড্রেনস থিয়েটার পরিবারের সদস্যরা।